**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৪ আগস্ট ২০১৬, ২০ শ্রাবণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ইসলামের মর্যাদা রক্ষায় জঙ্গিবাদ রুখতে হবে : প্রধানমন্ত্রী
২। সরকারি ক্রয় কমিটির বৈঠকে পল্লি বিদ্যুৎ সম্প্রসারণসহ ২৭ প্রস্তাব অনুমোদন
৩। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হবে আজ
৪। জাতীয় শোক দিবসে সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা : স্বাস্থ্যমন্ত্রী বন্যাদুর্গত এলাকায় পর্যাপ্ত ওষুধ রাখার নির্দেশ
৫। জঙ্গি দমনে সরকারের পদক্ষেপের প্রশংসা, পাশে থাকার আশ্বাস নেদারল্যান্ডসের : বাণিজ্যমন্ত্রীর সঙ্গে রাষ্ট্রদূতের বৈঠক
৬। পিস স্কুল পরিচালনায় স্বাধীনতা বিরোধী শক্তি জড়িত ছিল : শিক্ষামন্ত্রী
৭। আত্মস্বীকৃতিমূলক জঙ্গিদের যুদ্ধাপরাধীদের মতো বিচার করা হবে : তথ্যমন্ত্রী
৮। আজ থেকে হজ ফ্লাইট শুরু
৯। বিদেশিদের নিরাপত্তা নিশ্চিতে আজ টাস্কফোর্সের বৈঠক
১০। রাজধানীর হাজারীবাগে আল আনসারের সমন্বয়কসহ গ্রেফতার ৫

চলমান পাতা-২

১। **ইসলামের মর্যাদা রক্ষায় জঙ্গিবাদ রুখতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ইসলাম ধর্মকে হেয় প্রতিপন্ন, ধর্ম সম্পর্কে মানুষের মনে ভীতির সঞ্চার এবং ধর্মের বদনাম করতেই নিরীহ মানুষকে হত্যা করে ভীতি সৃষ্টি করা হচ্ছে। এসব বিপথগামী মানুষের জন্য যারা শান্তিপূর্ণভাবে ধর্ম পালন করছে, সেই সব সাধারণ মানুষের পৃথিবীতে বাস করা কঠিন হয়ে যাচ্ছে। তাই শান্তির ধর্ম ইসলামের মর্যাদা সবসময় সমুন্নত রাখতে জঙ্গিবাদকে রুখে দিতে হবে। তিনি ইসলাম ধর্মকে কলুসিত করার অপচেষ্টাকারী মানুষ হন্তারক সন্ত্রাসী-জঙ্গিদের বিরুদ্ধে দেশবাসীকে সোচ্চার হওয়ার আহ্বান জানান। গতকাল ৩ আগস্ট বুধবার সকালে উত্তরার আশকোনা হাজি ক্যাম্পে 'হজ কার্যক্রম-২০১৬'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**জনকণ্ঠ, সংবাদ, ইনকিলাব, সমকাল** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সরকারি ক্রয় কমিটির বৈঠকে পল্লি বিদ্যুৎ সম্প্রসারণসহ ২৭ প্রস্তাব অনুমোদন**

পল্লি বিদ্যুৎ সম্প্রসারণের লক্ষ্যে ১২৩৪ কোটি ৯ লাখ ৪২ হাজার টাকা ব্যয়ে ৬ লাখ ১৯ হাজার ২১১টি বৈদ্যুতিক খুঁটি ক্রয় প্রস্তাবসহ ২৭টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ৩ আগস্ট বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান জানান বৈঠকে মোট ২৭টি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে ২১টি বিদ্যুৎ বিভাগের। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের দুইটি, নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের দুইটি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগের একটি করে অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.৬)।

৩। **প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হবে আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর হবে আজ ৪ আগস্ট বৃহস্পতিবার। ৪৮টি মন্ত্রণালয় ও বিভাগের পক্ষে এই চুক্তি স্বাক্ষর হবে প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে। প্রতিটি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর প্রতিনিধি হিসেবে জ্যেষ্ঠ সচিব বা সচিবেরা চুক্তিতে স্বাক্ষর করবেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে আজ সকাল সাড়ে ১০টায় এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উদ্যোগের লক্ষ্য সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বাড়ানো, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৭,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **জাতীয় শোক দিবসে সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা : স্বাস্থ্যমন্ত্রী**
**বন্যাদুর্গত এলাকায় পর্যাপ্ত ওষুধ রাখার নির্দেশ**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহম্মদ নাসিম বলেছেন, জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ১৫ আগস্ট সারাদেশের সকল সরকারি হাসপাতালে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হবে। ওই সময় রোগীরা রক্ত পরীক্ষা, ডায়াবেটিস ও রক্তচাপ পরীক্ষাসহ বিভিন্ন চিকিৎসা সেবা বিনামূল্যে পাবেন। গতকাল ৩ আগস্ট বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় শোক দিবস উপলক্ষে কর্মসূচি গ্রহণ বিষয়ে এক সভায় তিনি এ কথা বলেন। এদিকে দেশের বন্যা এলাকায় জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ৬৯৬টি মেডিকেল টিম কাজ করছে। ইতোমধ্যে উপদ্রুত এলাকায় বিশ্বস্বাস্থ্য সংস্থার সহায়তায় স্বাস্থ্য অধিদফতর থেকে খাবার স্যালাইন, কলেরা স্যালাইন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেটসহ প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা হয়েছে। গতকাল ৩ আগস্ট বুধবার মন্ত্রণালয়ের সভাকক্ষে দেশের সার্বিক বন্যা পরিস্থিতি এবং দুর্গত এলাকায় চিকিৎসা কার্যক্রম সংক্রান্ত অপর এক জরুরি বৈঠকে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৫। জঙ্গি দমনে সরকারের পদক্ষেপের প্রশংসা, পাশে থাকার আশ্বাস নেদারল্যান্ডসের : বাণিজ্যমন্ত্রীর সঙ্গে রাষ্ট্রদূতের বৈঠক**

জঙ্গিবাদ ইস্যুতে সরকারের নেওয়া দ্রুত পদক্ষেপের প্রশংসা করেছে বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত লিওনি কুয়েলেনায়ারে । তিনি বলেছেন, বাংলাদেশ তাৎক্ষণিক যে পদক্ষেপ নিয়েছে তা প্রশংসার যোগ্য। এতে নেদারল্যান্ডস সন্তুষ্ট। বাংলাদেশ ক্রমবর্ধমান অর্থনৈতিক অগ্রযাত্রা যেন সন্ত্রাসী কর্মকান্ডে বাধাগ্রস্ত না হয় সেজন্য পাশে থাকারও আশ্বাস দেন তিনি। গতকাল ৩ আগস্ট বুধবার সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল



আহমেদের সঙ্গে সাক্ষাত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত এ প্রশংসা করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৬। পিস স্কুল পরিচালনায় স্বাধীনতা বিরোধী শক্তি জড়িত ছিল : শিক্ষামন্ত্রী**

পিস স্কুল পরিচালনার সঙ্গে বাংলাদেশের স্বাধীনতার চেতনা বিরোধী শক্তি জড়িত' বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এসব বিদ্যালয়ের শিক্ষা জঙ্গি তৈরির ক্ষেত্রকে উৎসাহিত করছিল। গতকাল ৩ আগস্ট বুধবার এক অনুষ্ঠানে পিস স্কুল বন্ধের কারণ ব্যাখ্যা করেন শিক্ষামন্ত্রী। আন্তর্জাতিক ও জাতীয় **১২**টি এনজিও রাজধানীর সিরডাপ মিলনায়তন 'ইয়ং চেইঞ্জ মেকার্স কোয়ালিশন' নামে এই অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৭। আত্মস্বীকৃতিমূলক জঙ্গিদের যুদ্ধাপরাধীদের মতো বিচার করা হবে : তথ্যমন্ত্রী**

জঙ্গি দমনে সরকারের সাফল্য নিয়ে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বর্তমানে জঙ্গি দমনের যুদ্ধটা রাজনৈতিক কর্তব্য। যারা জঙ্গি দমনের যুদ্ধ নিয়ে বিভ্রান্তি সৃষ্টি করছেন তারা জঙ্গি দমনের সাফল্যকে আটকাতে চাচ্ছেন। জঙ্গি পরিচয় নিয়ে বিভ্রান্তির কিছু নেই। বরং আত্মস্বীকৃতিমূলক জঙ্গিদের বঙ্গবন্ধুর খুনি ও যুদ্ধাপরাধীদের মতো বিচার হবে, সাজা হবে। তিনি গতকাল ৩ আগস্ট বুধবার কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষক শিক্ষার্থী ও অভিভাবকসহ জঙ্গিবাদবিরোধী মতবিনিময় ও আলোচনা সভায় যোগ দেওয়ার আগে এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

**৮। আজ থেকে হজ ফ্লাইট শুরু**

গতকাল ৩ আগস্ট বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর আশকোনাস্থ হজ ক্যাম্পে হজ কার্যক্রমের উদ্বোধন করেছেন। আজ ৪ আগস্ট বৃহস্পতিবার হজ যাত্রীরা সৌদি আরব যেতে শুরু করবেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রথম হজ ফ্লাইট বিজি-**১০১১** আজ সকাল ৮টা ৫ মিনিটে ৪১৯ জন যাত্রী নিয়ে জেদ্দার উদ্দেশে ঢাকা ছেড়ে যাবে। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন এবং ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান উদ্বোধনী ফ্লাইটে যাত্রীদের বিদায় জানাবেন। আগামী **১১** সেপ্টেম্বর পবিত্র হজ অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪)।

**৯। বিদেশিদের নিরাপত্তা নিশ্চিতে আজ টাস্কফোর্সের বৈঠক**

রাজধানীর গুলশানে হলি আর্টিজান রেস্তোরা ও শোলাকিয়ায় ঈদগাহ ময়দানের অদূরে জঙ্গি হামলার প্রেক্ষিতে বিদেশি কূটনীতিক ও নাগরিকদের নিরাপত্তা নিশ্চিতে সরকারের বিভিন্ন বিভাগ সমন্বিভাবে কাজ করবে। এ লক্ষ্যে সরকারের উচ্চপর্যায়ের একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। বিদেশিদের নিরাপত্তায় এখন থেকে এ টাস্কফোর্স সমন্বিত কার্যক্রম গ্রহণ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র এ তথ্য জানায়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **অবজারভার** (পৃ.৪,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১০। রাজধানীর হাজারীবাগে আল আনসারের সমন্বয়কসহ গ্রেফতার ৫**

রাজধানীর হাজারীবাগে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযানে দুটি জঙ্গি আস্তানার সন্ধান মিলেছে। এর মধ্যে একটি আস্তানা থেকে আল আনসার নামের একটি নতুন জঙ্গি সংগঠনের সমন্বয়কসহ পাঁচজনকে গ্রেফতার করেছে র‌্যাব। আর পুলিশের অভিযানে সন্ধান পাওয়া জঙ্গি আস্তানা থেকে জিহাদী বইপত্রসহ ১৪ শিবির নেতাকর্মী দুটি পৃথক অভিযানে গ্রেফতার হয়েছে। মোট ১৯ জন গ্রেফতারকৃতরা জঙ্গি কার্যক্রমে জড়িত বলে প্রাথমিকভাবে জানতে পেরেছে আইন শৃঙ্খলা বাহিনী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৪)।



**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** বুড়িগঙ্গাকে দূষণমুক্ত করে পূর্বাবস্থায় ফিরিয়ে এনে নয়নাভিরাম করে সাজাতে প্রায় দুই হাজার কোটি টাকার প্রকল্প ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নিয়েছে উল্লেখ করে মৃতপ্রায় বুড়িগঙ্গার প্রাণ ফিরিয়ে আনতে এ প্রকল্প বিশেষ গুরুত্ব বহন করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **প্রথম আলো :** অনুমোদিত ‘পার্বত্য চট্টগ্রাম ভূমিবিরোধ নিষ্পত্তি কমিশন (সংশোধন) আইন, ২০১৬’ এর সংশোধনীতে ভূমি কমিশনের চেয়ারম্যানের একক সিদ্ধান্তের ক্ষমতা পরিবর্তন করে সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়ার বিধান রাখা হয়েছে উল্লেখ করে এর সাথে সাথে পাহাড়ে স্থায়ী শান্তি ও টেকসই উন্নয়নের জন্য ভূমিবিরোধের নিষ্পত্তির সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ :** বিশ্ববাজারে পাটপণ্যের চাহিদা তৈরি করে ব্যাপক উৎপাদন প্রক্রিয়া পারে পাটকে সমৃদ্ধশালী করতে বলে মত প্রকাশ।

**ঘ.** **সংবাদ :** চট্টগ্রামে বিভিন্ন এলাকায় সিম বিক্রয়কারী প্রতিষ্ঠানগুলো সিম কিনে টাকার বিনিময়ে আঙুলের ছাপ কিনে সিম নিবন্ধন করার খবরে উদ্বেগ প্রকাশ করে চট্টগ্রামসহ দেশের বিভিন্ন জায়গায় এধরনের জালিয়াতির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **যুগান্তর :** আজ থেকে বিমানের হজ ফ্লাইট চালু হওয়ার কথা থাকলেও ২ আগস্ট পর্যন্ত বিমানের ভাড়া করা ফ্লাইট ঢাকায় এসে না পৌঁছানোর বিষয়টি উদ্বেগজনক উল্লেখ করে প্রতি বছরের মতো এবারও হজ ফ্লাইট বিপর্যয়ের যে আশংকা দেখা দিয়েছে তা দূর করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** দুর্নীতি দমনে দুর্নীতি দমন কমিশনের কার্মকাণ্ডের সাফল্যের বিষয়ে দুর্নীতি দমন কমিশনারের অভিমতকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে এ কমিশনের দুর্বলতাগুলো দূর করে তাকে শক্তিশালী করার আহ্বান।

**ছ.** **ডেইলি সান, প্রথম আলো :** বন্যার্তদের জন্য ত্রাণ তৎপরতা বাড়ানোর পাশাপাশি কৃষি, গবাদি পশু ও মৎস্য খাতে ক্ষতিগ্রস্তদের পুর্নবাসনের জন্য যথাযথ সহায়তার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**জ.** **ডেইলি স্টার:** নাগরিক সেবা বাড়ানোর লক্ষ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশনের ‘নগর’ মোবাইল অ্যাপ চালুর উদ্যোগ নাগরিক সেবা বাড়াতে ব্যাপক প্রভাব ফেলবে বলে প্রত্যাশা।

**ঝ.** **নিউ নেশন:** নিরাপত্তার স্বার্থে ধানমন্ডি, গুলশান, বনানী ও বারিধারা এলাকার শিক্ষা প্রতিষ্ঠান,হাসপাতাল ও শপিংমলের মতো স্থাপনাগুলো উচ্ছেদ কিংবা বন্ধ না করে নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

**ঞ.** **অবজারভার :** রাজধানীর ব্যাচেলরদের আবাসন নিয়ে সৃষ্ট সমস্যা সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুবিবেচনা প্রসূত সিদ্ধান্ত নেওয়ার আহ্বান।

**ট.** **ফিনানশিয়াল এক্সপ্রেস:** বিগত পাঁচ বছরে ওষুধের মূল্য ১৫২ শতাংশ বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বিশ্বজনীন চলমান অন্যায়, বিচারহীনতা, হীন ষড়যন্ত্র ও চক্রান্তগুলোর

স্বরূপ উদঘাটন না করে শুধু নিরাপত্তার দৃষ্টিকোণ থেকে জঙ্গি সমস্যার সমাধান সম্ভব নয় বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বিপন্ন পরিবেশ রক্ষায় চাই বৃক্ষরোপণ'** শিরোনামের নিবন্ধে সতীর্থ রহমান বিপন্ন পরিবেশকে রক্ষা করতে হলে সরকারের পাশাপাশি এনজিও এবং সাধারণ মানুষকেও পরিবেশ দূষণের বিরুদ্ধে প্রতিবাদ, প্রতিরোধ ও আন্দোলন গড়ে তুলতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা